



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মুরারিচাঁদ কলেজ, সিলেট

website : www.mccollege.edu.bd

email : m.c.college_sylhet@live.com



তারিখ: ০২.১২.২০২০খ্রি

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ১ম রিলিজ স্লিপ মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামী শিক্ষা, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ও গণিত বিষয়ে ১ম রিলিজ স্লিপ মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ০৩.১২.২০২০ তারিখ হতে ০৮.১২.২০২০ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তির কার্যক্রম চলবে।

মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীরা শিওরক্যাশ-এ নিম্নোক্ত টাকা জমা দিয়ে নিজ নিজ বিভাগে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও তফসীল নিম্নে প্রদত্ত হলো :

১। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১: ভর্তির জন্য মনোনীত আবেদনকারীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের website (www.nubd/admissions) থেকে ফরম ডাউনলোড করে (০২ সেট ফটোকপিসহ) স্বাক্ষর করতে হবে।

ধাপ-২ : ভর্তি ফিস:

- ❖ এম.এ/এম.এস.এস কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৪০০+৩৫৭০=৩৯৭০/- অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৪০০+৩৫৭৫=৩৯৭৫/-।
- ❖ এম.এস-সি কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৫৫০+৩৬৭০=৪২২০/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৫৫০+৩৬৭৫=৪২২৫/- "শিওরক্যাশ" এর মাধ্যমে ০৩.১২.২০২০ তারিখ সকাল ১০.০০ টা থেকে ০৮.১২.২০২০ তারিখ দুপুর ২.০০ টার মধ্যে টাকা জমা দিয়ে ট্রানজেকশন আইডি নম্বর সংগ্রহ করে ফরমের উপরে সচল মোবাইল নম্বরসহ স্পষ্ট করে ট্রানজেকশন নম্বর লিখতে হবে।

ধাপ-৩ : প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম (০২ সেট) নিয়ে সংশ্লিষ্ট বিভাগে গিয়ে ভর্তি কার্যক্রম সম্পাদন করতে হবে। এ সময় বিভাগ থেকে ক্লাশ রোল নম্বর প্রদান করা হবে।

"শিওরক্যাশ" ID:MCCM

২। প্রয়োজনীয় কাগজপত্র (বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে ০১ সেট এবং ফটোকপি ০১ সেট সংযুক্ত করতে হবে):

- ক) ডিহী (পাস)/ স্নাতক পাশের রেজিস্ট্রেশন কার্ড এবং নম্বরপত্রের ফটোকপি ;
- খ) দ্বৈত ভর্তি নেই এই মর্মে প্রার্থীর অঙ্গিকারনামার ফটোকপি;
- গ) বিশ্ববিদ্যালয়ের ফরমের মূল কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি এবং অন্যান্য সেটে ০১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে; অতিরিক্ত ০২ কপি ছবি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে;
- ঘ) সমতা নিরূপণ ও মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঙ) পাঠবিবরণি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

চ) মুক্তিযোদ্ধার সন্তান /আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধি কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ যথাযথ কতৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ প্রদর্শন সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে।

বি:দ্র: ভর্তির সময় অবশ্যই সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। অসম্পূর্ণ/ভুল/ মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া আবেদন বাতিল বলে গণ্য হবে।


৩। সংশ্লিষ্ট বিভাগ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস), স্নাতক (সম্মান) পরীক্ষা রোল, কলেজ, প্রাপ্ত নম্বর /জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সাথে মিলিয়ে দেখতে হবে।

৪। বিভাগসমূহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এতদসঙ্গে প্রেরিত ছক মোতাবেক পূরণ পূর্বক প্রতিদিন বেলা ২.৩০ ঘটিকার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। বিষয়টি অতীব জরুরী।

৫। বিষয় পরিবর্তন : রিলিজ স্লিপ মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

বি:দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয়/যেকোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না অর্থাৎ দ্বৈত ভর্তি কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

- ❖ ১ম রিলিজ স্লিপ মেধা তালিকার ফলাফল প্রত্যেক বিভাগে ই-মেইলে প্রেরণ করা হয়েছে। বিভাগীয় প্রধানগণ প্রদত্ত ফলাফল ই-মেইল থেকে ডাউনলোড করে ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য প্রেরিত ফলাফলের সাথে মিলিয়ে কমিটির নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


অধ্যক্ষ ০২/০২/২০২০
মুরারিচাঁদ কলেজ, সিলেট

বিতরণ:

১. বিভাগীয় প্রধান..... (সকল) বিভাগ, অত্র কলেজ।
২. উপাধ্যক্ষ, মুরারিচাঁদ কলেজ, সিলেট।
৩. আহবায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি ২০১৮-২০১৯, অত্র কলেজ।
৪. অফিস নথি
৫. নোটিশ বোর্ড।